**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 04-05-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

## National Panchayet Day-CM :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, রাজ্যে ত্রিস্তর পঞ্চায়েত ব্যবস্থাকে আরও উন্নত করার লক্ষ্যে পঞ্চায়েতের জনপ্রতিনিধি সহ কর্মচারিদের দক্ষতা বৃদ্ধির উদ্যোগ নেওয়া হয়েছে| গতকাল অরুন্ধুতিনগরের স্টেট পঞ্চায়েত রির্সোস সেন্টারের গ্রাম স্বরাজ ভবনে পঞ্চায়েতীরাজ দিবস উদযাপন উপলক্ষ্যে আয়োজিত রাজ্যভিত্তিক অনুষ্ঠানের উদ্বোধন করে তিনি একথা বলেন। বাস্তবসম্মত এবং বৈজ্ঞানিক উপায়ে পরিকল্পনা গ্রহণ এবং স্থায়ী সম্পদ তৈরির মাধ্যমে পঞ্চায়েতকে সাজিয়ে তোলার জন্য মুখ্যমন্ত্রী জনপ্রতিনিধি সহ সংশ্লিষ্ট সবাইকে গুরুত্বপূর্ণ ভূমিকা নেওয়ার আহ্বান জানান। এরজন্য সুনির্দিষ্ট রোডম্যাপ তৈরি এবং সমন্বয় বজায় রেখে কাজ করার উপর তিনি গুরুত্ব আরোপ করেন।

অনুষ্ঠানে ইন্ডিয়ান ইন্সটিটিউট অফ ম্যানেজমেন্ট, শিলং-এর সঙ্গে পঞ্চায়েত দপ্তরের প্রশিক্ষণ বিষয়ক একটি মউ স্বাক্ষরিত হয়। অনুষ্ঠানে বিভিন্ন ক্ষেত্রে উল্লেখযোগ্য কাজের স্বীকৃতিতে পুরস্কার দেওয়া হয়।

************************

## NEET :

আজ নিট ইউ.জি. পরীক্ষা অনুষ্ঠিত হবে। এবছর রাজ্যে নিট ইউ.জি পরিক্ষার্থীর সংখ্যা ৪ হাজার ৮৯২ জন| রাজ্যে মোট ১১টি পরীক্ষাকেন্দ্রে পরীক্ষা গ্রহণ করা হবে। এরমধ্যে পশ্চিম ত্রিপুরা জেলায় ১0টি এবং ১টি পরীক্ষা কেন্দ্র রয়েছে

ধলাই জেলায়| পরীক্ষা শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার জন্য আরক্ষা দপ্তরের পক্ষ থেকে পর্যাপ্ত নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে|

************************

**President :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু গতকাল রাতে এঙ্গোলার রাষ্ট্রপতি জওয়াও মানুয়েল গনজলভেস লাওয়েনকোর সাথে নয়াদিল্লিতে রাষ্ট্রপতি ভবনে এক সাক্ষাৎকারে মিলিত হন| বার্তায় তিনি জানান, আফ্রিকান ইউনিয়নের দায়িত্ব গ্রহনের জন্য এঙ্গোলার রাস্ট্রপতিকে শ্রীমতি মুর্মু অভিনন্দন জানিয়েছেন| গত চার দশকে দুদেশের রাষ্ট্রপ্রধানের এই প্রথম সাক্ষাৎকার উভয় দেশের মধ্যে নতুন অধ্যায়ের সূচনা হবে বলে আশা করা হয়|

************************

**DM West :**

পশ্চিম জেলার জেলা শাসক ডাঃ বিশাল কুমার গতকাল এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন, এখন থেকে মহকুমা শাসকের অনুমতি ছাড়া ইটভাটার জন্য জমি খনন করা যাবে না। এই নির্দেশ অমান্য করলে অভিযুক্তর বিরুদ্ধে আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে। জেলা শাসক আরও জানান, কর্তৃপক্ষের অনুমতি ছাড়া মাটি উত্তোলনের ফলে বিপুল পরিমানে কৃষিজমি নষ্ট হচ্ছে।

************************

**Ashwini Vaishnaw :**

এবারে WAVES 2025-এর খবর৷

#######Sound Byte#######

তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণো বলেছেন যে ভারত মিডিয়া এবং বিনোদন ক্ষেত্রে বিশ্বব্যাপী নেতৃত্ব দিতে পারে। তিনি বলেছেন, সারা বিশ্বের বেশ কয়েকটি সংস্থা এই বিষয়ে ভারতের সঙ্গে কাজ করার আগ্রহ দেখিয়েছে।

গতকাল মুম্বাইয়ে WAVES শীর্ষ সম্মেলনে গুগল, মেটা এবং মাইক্রোসফ্‌ট সহ সাতটি বিশ্বব্যাপী সংস্থা ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ ক্রিয়েটিভ টেকনোলজির সঙ্গে সমঝোতা স্মারক স্বাক্ষর করেছে। এর আওতায় ৪00 কোটি টাকা ব্যয়ে মুম্বাইতে IICT স্থাপন করা হবে। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে বৈষ্ণব বলেন, আগামী দিনে IICT, IIT এবং IIM-এর মতো একই উদাহরণ স্থাপন করবে।

#######Sound Byte#######

************************

**Rajib Bhattachatjee :**

আগরতলার সুপারিবাগানস্থিত দশরথ দেব স্মৃতি ভবনে গতকাল বিজেপি’র জনজাতি মোর্চা ত্রিপুরা প্রদেশের উদ্যোগে ওয়াকফ সংশোধনী জনজাগরণ অভিযান কর্মসূচীর আয়োজন করা হয়। এই কর্মসূচীতে বক্তব্য রাখতে গিয়ে প্রদেশ বিজেপি সভাপতি তথা সাংসদ রাজীব ভট্টাচার্য ওয়াকফ সংশোধনী আইনের মাধ্যমে দেশের সংখ্যালঘু জনগনের কি কি ধরনের উপকার হবে তা বিস্তারিত উল্লেখ করেন| অনুষ্ঠানে বক্তব্য রাখেন জনজাতি কল্যান মন্ত্রী বিকাশ দেববর্মা, শিল্প ও বাণিজ্য মন্ত্রী স্বান্তনা চাকমা|

************************

**ICA-Calender :**

রাজ্যের বিভিন্ন জনগোষ্ঠীর সাংস্কৃতিক বিকাশের ধারাকে অব্যাহত রাখতে এ বছরে তথ্য ও সংস্কৃতি দপ্তরের বার্ষিক সাংস্কৃতিক ক্যালেন্ডারে ১৯টি বিভিন্ন নতুন সাংস্কৃতিক কর্মকান্ড যুক্ত করা হয়েছে। এরমধ্যে উল্লেখযোগ্য হলো

কাঞ্চনপুরে বিউ পরব, উদয়পুরে জাগরণী উৎসব, সাব্রুমে দৈত্যেশ্বরী মেলা, কুমারঘাটে পাওল কাট, বিশালগড়ে সৃজন উৎসব, কমলপুরে বিশ্বরূপ উৎসব| তাছাড়া চড়িলামের সংহতি উৎসব, কল্যাণপুরে শ্রীকণ্ঠ সাংস্কৃতিক উৎসব, লংতরাইভ্যালি মহকুমার বাবা লংতরাই মেলা ইত্যাদিও সাংস্কৃতিক ক্যালেন্ডারে যুক্ত করা হয়েছে।এবছর থেকে প্রথমবারের মতো বিদ্যালয়ের গ্রীষ্মকালীন ছুটি উপলক্ষ্যে ভীষ্মদেব শিশু নাটক প্রতিযোগিতা সারা রাজ্যে আয়োজন করা হবে।

************************

**Blood Donation :**

কৈলাশহরের লায়ন্স সার্ভিস সেন্টারে গতকাল এক রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে প্রধান অতিথির ভাষণে সমাজ কল্যাণ ও সমাজশিক্ষা মন্ত্রী টিংকু রায় বলেন, নেশার বিরুদ্ধে জন সচেতনতা বাড়াতে হবে। এজন্য জন আন্দোলন সৃষ্টির উপর তিনি গুরুত্বারোপ করেন। অনুষ্ঠানে দুজন দুঃস্থ মেধাবী শিক্ষার্থীকে আর্থিক সহায়তা প্রদান করা হয়| শিবিরে মোট ৩১ জন স্বেচ্ছায় রক্তদান করেন।

************************

**Football:**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া তৃতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতা আজ থেকে শুরু হচ্ছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে উদ্বোধনী দিনে দুটি খেলা হবে। বিকাল ৪টায় বিবেকানন্দ ক্লাব খেলবে ইয়ুথ ক্লাবের বিরুদ্ধে। পরে সন্ধ্যা ৬টায় নৈশালোকে দ্বিতীয় খেলায় জম্পুইজলা প্লে সেন্টার ও সিমনা তমাকারী ফুটবল ক্লাব পরস্পরের মুখোমুখি হবে। আসরে মোট ১৬টি দল অংশ নিয়েছে। দুটি গ্রুপে ৩১ মে পর্যন্ত খেলা হবে। পরে দুই গ্রুপের শীর্ষে থাকা দল খেতাবের লক্ষ্যে লড়াই করবে।

************************

**Weather:**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আকাশ অংশত: মেঘলা থাকবে। বজ্র-বিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। এছাড়া, বিক্ষিপ্তভাবে রাজ্যের কোথাও কোথাও বজ্র-বিদ্যুৎ সহ ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সতর্কবার্তা দেওয়া হয়েছে। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৪.২ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৫ ডিগ্রির কাছাকাছি।

************************

************************